চুয়াডাঙ্গায় লানিং এন্ড আনিং প্রকল্পের প্রশিক্ষনার্থীদের মাঝে সার্টিফিকেট বিতরণ

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কতৃক বাস্তবায়নাধীন লানিং এন্ড আনিং ডেভেলপমেন্ট প্রকল্পের আওতায় জব ফোরাম ও প্রশিক্ষনার্থী মাঝে সার্টিফিকেট বিতরণ করা হয়েছে।

ব্যাবিলন রিসোর্সেস লিমিটেড এন্ড ইজি টেকনোলজি এর আয়োজনে ও চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের সার্বিক সহযোগিতায় জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে মঙ্গলবার সকাল সাড়ে দশটার সময় চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) আরাফাত রহমানের সভাপতিত্বে সার্টিফিকেট বিতরণ করা হয়।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন ব্যাবিলন রিসোর্সস লিমেটেড এর সিনিয়র ম্যানেজার কামরুজ্জামান।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান। এ সময় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, ডিজিটাল বাংলাদেশের আওতায় অনেক শিক্ষিত তরূণ এখন ঘরে বসে বিভিন্ন দেশের কাজ সহজে করছে। আইসিটি বা ফ্রিলান্সিং এর মাধ্যমে সহজে বাইরের দেশের টাকা দেশে আনা সম্ভব। সেই সাথে ফ্রিলান্সিং এর মাধ্যমে দেশের যে অধিক বেকার যুব সমাজ সহজে নিজেকে প্রতিষ্ঠিত করতে পারে।

এ সময় তিনি আরও বলেন, স্মার্ট বাংলাদেশের দিকে দিন দিন এগিয়ে যাচ্ছে বাংলাদেশ। তবে স্মার্ট বাংলাদেশে রুপান্তরে সবাই কে আইসিটি শিক্ষার উপর ও হাতে কলমে আইসিটি শিক্ষা নিতে হবে। এ সময় তিনি সকল ফ্রিলান্সারদের বৈধতার সাথে আয় করার জন্য আহবান জানান।

চুয়াডাঙ্গা ও মেহেরপুরের মোট ৪৮০ জনের হাতে লানিং এন্ড আনিং ডেভেলপমেন্ট প্রকল্পের আওতার প্রশিক্ষনার্থীদের চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান সাটিফিকেট প্রদান করেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক) নাজমুল হামিদ রেজা, চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের

নেজারত ডেপুটি কালেক্টর সাদাত হোসেন সহ ব্যাবিলন রিসোর্সেস লিমিটেড এন্ড ইজি টেকনোলজির কর্মকর্তা বৃন্দ।

প্রশিক্ষণার্থীদের মাঝে বক্তব্য প্রদান করেন তুহিন হোসেন,জেসমিন আক্তার।অনুষ্ঠানটির সার্বিক সঞ্চালনার দায়িত্ব ছিলেন ইশতিয়াক আহমেদ ও আনিতা আক্তার রুম্পা।